শিশু জগৎ

বিন্দুগুলি যুক্ত করো

গোলক ধাঁধা

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

						7	8	9
4				8	6			3
			5					
		1		9	5		3	6
				7				
3	4		6	2		8		
					9			
1			2	5				4
8	2	5						

গতকালের সমাধান

7	6	9	2	3	4	8	5	1
4	8	3	1	5	9	6	7	2
5	2	1	6	7	8	9	3	4
3	5	7	9	6	1	4	2	8
6	4	8	5	2	3	7	1	9
1	9	2	8	4	7	5	6	3
9	3	5	4	1	6	2	8	7
8	7	6	3	9	2	1	4	5
2	1	4	7	8	5	3	9	6

— সমাধানের নিয়ম —
এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

আবহাওয়া

পূর্বাভাস: বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭৬ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।১৪, **সূর্যাস্ত:** ঘ ৬।০৬ **জোয়ার:** বিকাল ৪.২৮। **ভাঁটা:** সকাল ৯.৪৫।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।
–সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	:	64,2428
INR / 1 Euro	:	75,3761
INR / 100 Jap. YEN	:	58.0100
INR / 1 Pound Sterling	:	82.6162

শেয়ার সূচক

BSE	31,770.89▲	+321.86
NIFTY	9,897.30▲	+103.15

শব্দলিপি- ৯৮৫

হরিদাস মাইতি

পাশাপাশি ঃ ১। ভাগ্যলিপি ৪। বসন্তকালে শ্রীকৃষ্ণ ৫। শ্রেষ্ঠ অলংকার ৭। গ্রাস ৮। আসল নয় ১০। ক্ষতি ১২। কর ১৩। মার্জিত আচরণ
উপরনীচ ঃ ১। অলংকারে গুণবতী ও নম্রা নারী ২। পায়চারি ৩। পাখিতে দেবতা ৪। প্রভু ৬। 'মনের মানুষ' এর প্রধান চরিত্র ৯। নুন ১০। অমঙ্গল ১১। রুদ্রবীণা
সমাধান ঃ শব্দলিপি - ৯৮৪
পাশাপাশি ঃ ১। অখিলেখ ৪। বদন ৬। অচিন্তিত ৭। নগদ টাকা ৯। জলজিয়ন্ত ১১। ব্যবধান ১৩। হরেক ১৪। নষ্ট করা
উপরনীচ ঃ ২। খিমচি ৩। শশীতনয় ৪। বরবাদ ৫। নবপ্রকাশন ৬। অন্ধ জনে দেহ ৮। গন্তব্যস্থান ১০। জিজ্ঞাসক ১২। ধার্মিক

হাওড়ায় শ্লীলতাহানি

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: মঙ্গলবার রাতে হাওড়ার ব্যাটরা থানা এলাকায় এক ষষ্ঠ শ্রেণির ছাত্রীর শ্লীলতাহানির অভিযোগে এক শিক্ষককে গ্রেফতার করল পুলিশ। ধৃত শিক্ষকের নাম শুভব্রত চৌধুরি। জানা গিয়েছে, গত শনিবার স্কুলের ভিতরেই বারো বছর বয়সি ওই ছাত্রীকে ডেকে পড়া দেখানোর নামে শ্লীলতাহানি করে বছর চল্লিশের ওই শিক্ষক। পরে রাতে কাঁদতে কাঁদতে ছাত্রীটি বাড়িতে সব বলে অসুস্থ হয়ে পড়ে। সোমবার রাতে মহিলা থানায় অভিযোগ জানান ছাত্রীটির পরিবার। মঙ্গলবার রাতে শিক্ষককে বাড়ি থেকে গ্রেফতার করে পুলিশ।

নাজিরগঞ্জে চুরি

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: বাড়ি বন্ধ থাকার সুযোগ নিয়ে বৃদ্ধার বাড়িতে চুরি করল দুষ্কৃতী। যার জেরে উত্তেজনা ছড়াল গোটা এলাকায়। ঘটনাটি ঘটেছে হাওড়ার নাজিরগঞ্জের নতুনপাড়া সেকেন্ড বাই লেনে। সেই এলাকাতেই বসবাস করতেন ললিতা গুপ্তা নামে এক বৃদ্ধা। তিনি মেয়ের বাড়ি গিয়েছিলেন। মঙ্গলবার সকালে ললিতাদেবী এসে দেখেন তাঁর বাড়িতে চুরি হয়েছে। জানা গেছে বাড়িতে বৃদ্ধা একাই থাকতেন তিনি। তিনি তার মেয়ের শ্বশুর বাড়ি গিয়েছিলেন। সেই কারণে বৃদ্ধার বাড়ি ফাঁকা ছিল। সেই সুযোগে চোরেরা ঘরের দরজার তালা ভেঙে গহনা, মূল্যবান সামগ্রী এবং টাকা নিয়ে চম্পট দেয়। খোয়া যাওয়া সামগ্রীর আনুমানিক মূল্য লক্ষাধিক টাকার মতো বলে জানা গেছে। এই ঘটনায় এখনও কেউ গ্রেফতার হয়নি। তবে পুলিশ তদন্ত করছে।

ভাগ্যলিপি

মেষ
আজ আপনি সত্যিই বিপদে পড়তে পারেন।

বৃষ
ধর্মীয় বিষয় আজ আপনাকে ব্যস্ত থাকতে হবে। সেই কারণে খরচও বৃদ্ধি পাবে।

মিথুন
আপনার লাইফ স্টাইল পরিবর্তন করতে হতে পারে আজ। সেই কারণে নিজেকে সংশোধিত করার কাজে নিজেকে নিয়োজিত রাখুন।

কর্কট
ব্যবসায়িক কারণে আজ আপনাকে অতিরিক্ত বোঝা কাঁধে নিতে হবে।

সিংহ
ব্যবসায় সাফল্য আসবে। নতুন জামা-কাপড় আজ ক্রয় করতে পারেন।

কন্যা
ব্যবসায় সাফল্য লাভের সম্ভাবনা রয়েছে। আর্থিক প্রতিষ্ঠান আজ আপনার ঋণ মঞ্জুর করতে পারে।

তুলা
গণেশ বলছেন, আপনার প্রত্যাশা পূরণ হতে পারে। পেশাগত ক্ষেত্রে সাফল্য লাভের সম্ভাবনা রয়েছে।

বৃশ্চিক
সন্ধ্যার পর আপনাকে বড় মাপের ধাক্কা খেতে হতে পারে আর্থিক ক্ষতি সম্ভাবনা রয়েছে।

ধনু
কাজ নিয়ে আপনাকে ব্যস্ত থাকতে হবে। তবে প্রত্যাশা পূরণ নাও হতে পারে।

মকর
যুক্তি দিয়ে কাজ করার চেষ্টা করুন সাফল্য আসবে। পরিকল্পনা সফল হবে। সন্তানদের সাফল্য আপনাকে খুশি করবে।

কুম্ভ
গণেশ বলছেন, এগিয়ে যাওয়ার দিন আজ। সিদ্ধান্ত পরিবর্তন করতে হতে পারে।

মীন
ব্যস্ততার মধ্যেও নিজের লক্ষ থেকে সরে যাবেন না।

পুজো নিয়ে হাওড়া সিটি পুলিশের বৈঠক ফলপ্রসূ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: বলতে বলতে পুজো এস গেল। মানুষ এখন আনন্দে মাতোয়ারা। তাই হাওড়া সিটি পুলিশ তৎপর। আসন্ন দুর্গাপুজো উপলক্ষে দর্শনার্থীদের নিরাপত্তা ব্যবস্থা সুনিশ্চিত করতে এক সমন্বয় সভায় আয়োজন করল হাওড়া সিটি পুলিশ। এই সভায় ডাকা হয়েছিল পুজো কমিটির সদস্যদের। সুষ্ঠুভাবে পুজো করতে প্রতি বছরের মতো এবছরেও কিছু নিয়মাবলী পুজো উদ্যোক্তাদের জানায় হাওড়া সিটি পুলিশ। এদিনের সমন্বয় সভায় ডিসি হেডকোয়ার্টার দেবব্রত দাস উদ্যোক্তাদের জানিয়েছেন, পুজো মণ্ডপের বাহির পথ হবে প্রবেশ পথের দেড়গুণ বড়। মণ্ডপের রাস্তার স্লোপগুলি বেশি বেশি না করার আবেদন জানান হয়। মণ্ডপের মাথার ওপর দিয়ে গেট করা যাবে না। এবারের পুজোয় বৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে বলেই এই সিদ্ধান্ত বলে জানিয়েছেন তিনি। ডিসি জানিয়েছেন, হাইকোর্টের নির্দেশ অনুযায়ী মণ্ডপের উচ্চতা এবং রাস্তা বন্ধ করতে হবে বলে নির্দেশ দেন। অপ্রীতিকর ঘটনা এড়াতে মণ্ডপে পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখার কথা জানিয়েছেন তিনি। বড় পুজো উদ্যোক্তাদের উদ্দেশ্যে জানিয়েছেন, ২৪ ঘণ্টা নিরাপত্তা কর্মীর ব্যবস্থা রাখতে হবে। ব্যবস্থা রাখতে হবে সিসি টিভির ব্যবস্থা। তার ব্যাক আপ রাখা, সর্বক্ষণ মনিটরিংয়ের ব্যবস্থা রাখতে হব। আপতকালীন নিরাপত্তার জন্য বালি, জল, অগ্নি নির্বাপক ব্যবথা রাখতে হবে। মানুষের কাছ থেকে জোর করে চাঁদা তোলা যাবে না।
এদিন দমকলের পক্ষ থেকে জানান হয়েছে দুর্ঘটনার বেশিরভাগ শর্ট সার্কিট থেকে। সেই কারণে ট্রান্সফরমার ঢাকা যাতে না থাকে, কাপড়ে অগ্নিনির্বাপক সলিউশন ব্যবহারের কথা জানান হয়। বিসর্জনের সময় সিটি পুলিশের গাইড অনুযায়ী রাস্তা দিয়ে বিসর্জন হবে। ডিজে ব্যবহার সম্পূর্ণ বন্ধ। শারদোৎসব ২০১৭ উপলক্ষে হাওড়া সিটি পুলিশের উদ্যোগে এই সমন্বয় সভায় উপস্থিত ছিলেন মন্ত্রী অরূপ রায় ও লক্ষ্মীরতন শুক্লা, মেয়র ডাঃ রথীন চক্রবর্তী, হাওড়া পুলিশ কমিশনার ডিপি সিং প্রমুখ।

হাওড়া জেলা গ্রন্থাগার ভবনে উদ্‌যাপন হল সাধারণ গ্রন্থাগার ও সম্প্রীতি দিবস।

বসিরহাটে তৃণমূলের শান্তি মিছিলে বোমা সহ হামলা চালানোর অভিযোগ উঠল সিপিএমের বিরুদ্ধে

নিজস্ব সংবাদদাতা, বসিরহাট: তৃণমূলের শান্তি মিছিলে বোমাবাজি করার অভিযোগ উঠল সিপিএমের বিরুদ্ধে। ঘটনায় গুরুতর আহত হয়েছেন আট জন। সতেরো জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়েছে। যদিও এই ঘটনার দায় অস্বীকার করেছে সিপিএম। ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনা জেলার বসিরহাটের কেশবপুর এলাকায়। তৃণমূলের শান্তি মিছিলে এদিন বোমাবাজি চালানো হলেও মূল ঘটনার সূত্রপাত অন্য জায়গায়। স্থানীয় সূত্রে জানা যায়, বছর আঠারো আগে স্থানীয় প্রবীর মণ্ডল নামে এক ব্যক্তির ৪৫ শতক জমি আবু তালেব নামে এক ব্যক্তি ভাগচাষের জন্য কিছুদিনের জন্য নেন। জানা যায়, সেই জমি প্রবীর মণ্ডলের মা দীপালি মণ্ডল ভাগ চাষের জন্য আবু তালেবকে দিয়েছিলেন। সেই জমি বিবাদকে কেন্দ্র করেই এদিনের ঘটনা। জানা যায়, গত বছর পাঁচেক আগে সেই ৪৫ শতক জমি ফেরত চান প্রবীর মণ্ডল। কিন্তু আবু তালেব সেই জমি ফেরত দিতে রাজি না হওয়ায় প্রথমে বিষয়টি পঞ্চায়েতের মাধ্যমে মিটমাটের চেষ্টা করা হয়। কিন্তু কোনও সুরাহা না হওয়ায় প্রবীর মণ্ডল হাইকোর্টে যান। হাইকোর্টের রায় যায় প্রবীর মণ্ডলের পক্ষে। অভিযোগ, প্রবীর মণ্ডল স্থানীয় তৃণমূলের একজন একনিষ্ঠ কর্মী। অন্যদিকে আবু তালেব এলাকায় সিপিএমের কর্মী বলেই পরিচিত। বুধবার দুপুর ১১টা নাগাদ প্রবীর মণ্ডল স্থানীয় তৃণমূলের এক শান্তি মিছিলে যোগ দিতে যান। অভিযোগ, সেই সময় আবু তালেব ঘনিষ্ঠ সিপিএমের দুষ্কৃতীরা বোমা, ভোজালি ও আগ্নেয়াস্ত্র নিয়ে এসে মিছিলের মধ্যেই প্রবীরের উপর হামলা চালায়। সেই সময় প্রবীর মণ্ডলকে বাঁচাতে গিয়ে মিছিলে থাকা আটজন গুরুতরভাবে আহত হন। আহতদের বসিরহাট, কলকাতা সহ বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। এই ঘটনায় বসিরহাট উত্তর বিধানসভার প্রাক্তন বিধায়ক তথা তৃণমূল নেতা এটিএম আব্দুল্লাহ জানান, জমি সংক্রান্ত এই সমস্যা দীর্ঘদিনের। আবু তালেব মণ্ডল সক্রিয় সিপিএমের কর্মী। এদিন ওই জমি বিবাদের জেরে তৃণমূলের শান্তি মিছিলে থাকা প্রবীর মণ্ডলের উপর হামলা চালায় আবু তালেব ঘনিষ্ঠ সিপিএমের দুষ্কৃতীরা। আমাদের কর্মী প্রবীর মণ্ডলকে বাঁচাতে গিয়েই তৃণমূলের আটজন গুরুতর জখম হয়েছেন। ঘটনার তদন্তে নেমেছে পুলিশ।

বারাসতে স্কুলে আসার পথে লরির ধাক্কায় মৃত্যু হল স্কুল ছাত্রের

নিজস্ব সংবাদদাতা, বারাসত: বুধবার সকালে স্কুলে আসার পথে লরির ধাক্কায় মৃত্যু হল এক স্কুল ছাত্রের। মৃত ছাত্রের নাম সায়নদীপ মোদক (১৮)। ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনা জেলার জেলা সদর বারাসতের ১২ নম্বর রেল গেটের ওভার ব্রিজের উপর। রক্তাক্ত অবস্থায় ছাত্রটিকে বারাসত হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা তাকে মৃত বলে ঘোষণা করেন। পুলিশ মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। বারাসত থানার পুলিশ ঘাতক লরি তার চালক ও খালাসিকে গ্রেফতার করেছে। এদিন সকালে বারাসতের আশুতোষ পল্লির আমতলা এলাকার বাড়ি থেকে চাঁপাডালি হয়ে ব্রিজের উপর দিয়ে সাইকেলে চেপে স্কুলের দিকে যাচ্ছিল সায়নদীপ মোদক। সে বারাসত মহাত্মা গান্ধি মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের একাদশ শ্রেণির ছাত্র। ব্রিজে ওঠার পরই পিছন থেকে আসা চাল বোঝাই একটি লরি তাকে ধাক্কা মারে। সঙ্গে সঙ্গে সায়নদীপ সাইকেলে থেকে ছিটকে পড়ে যায় রাস্তায়। সজোরে ধাক্কা লাগার পর রাস্তায় পড়েই মাথা ফেটে যায় সায়নদীপের। স্থানীয় মানুষজন সায়নদীপকে গুরুতর জখম অবস্থায় বারাসত হাসপাতালে নিয়ে যায়। সেখানে নিয়ে গেলে চিকিৎসকেরা তাকে মৃত বলে ঘোষণা করেন। বারাসত হাসপাতালের সুপার সুব্রত মণ্ডল বলেন, জোরে ধাক্কা লাগার ফলে সায়নদীপের মাথায় হ্যামারেজ হয়ে যায়। অতিরিক্ত রক্ত ক্ষরণের জন্যই তার মৃত্যু হয়েছে।

দেগঙ্গায় তালা ভেঙে চুরি

নিজস্ব সংবাদদাতা, দেগঙ্গা: মঙ্গলবার রাতে চুরির ঘটনা ঘটল উত্তর ২৪ পরগনা জেলার দেগঙ্গা থানা এলাকায়। বাড়ির গেটের তালা ভেঙে চোরের দল সোনার গহনা সহ সত্তর হাজার টাকা নিয়ে চম্পট দেয়। গৃহকর্তা এনসান আলি মণ্ডল জানান, মোট দুই লক্ষ পঁচিশ হাজার টাকার সোনার গহনা চুরি গেছে। পরিবারের পক্ষ থেকে বুধবার দেগঙ্গা থানায় চুরির অভিযোগ করা হয়। পুলিশ ঘটনার তদন্ত শুরু করছে। দেগঙ্গা থানার চৌরাশিয়া গ্রাম পঞ্চায়েতের চিংড়িয়া গ্রামে এই দুঃসাহসিক চুরির ঘটনা ঘটে। গ্রামের বাসিন্দা পেশায় পাইকারি চা বিক্রেতা এনসান আলি মণ্ডল মঙ্গলবার রাতে খাওয়া দাওয়া করে স্ত্রী এবং তার এক মেয়েকে নিয়ে ঘুমিয়ে পড়েন। বুধবার ভোরে স্ত্রী মহিমা বিবি ঘুম থেকে উঠে দেখেন, ঘরের দরজা হাট করে খোলা। ভেঙে ফেলা হয়েছে আলমারি। তছনছ করা হয়েছে ঘরের জিনিসপত্র। এরপরই তিনি স্বামকে ঘুম থেকে ডেকে তোলেন। পাশের ঘরে গিয়ে তাঁরা দেখতে পান, সেখানে সোনার গহনার সব খালি বাক্স পড়ে রয়েছে।

রোগী মৃত্যু ঘিরে উত্তেজনা, আক্রান্ত সংবাদমাধ্যম

নিজস্ব সংবাদদাতা, বারাকপুর: রোগী মৃত্যু ঘিরে আজ সারা দিন উত্তেজনা বজায় রইল উত্তর দমদম পুরসভা হাসপাতালে। আজ সকালে নিমতা মিলনগড়ের বাসিন্দা মণীন্দ্রনাথ সরকার পুরসভা হাসপাতালে চিকিৎস্বাধীন অবস্থায় মারা যায় বলে অভিযোগ করেন তার নাতি রাজেশ বসাক। রোগী মৃত্যুর পর হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে রোগীর পরিবারের তুমুল বচসা হয়। এই খবর সংগ্রহ করতে গেলে হাসপাতালের কর্মীরা সংবাদমাধ্যমের ওপর চড়াও হয়। পরিস্থিতি সামাল দিতে আসে বিশাল পুলিশবাহিনী। রোগীর নাতি রাজেশ বসাক জানিয়েছেন, সোমবার বিকেলে তাঁর দাদু মণীন্দ্রনাথ সরকারকে যক্ষার উপসর্গ নিয়ে উত্তর দমদম পুরসভা হাসপাতালে ভর্তি করা হয়। এরপর তাকে দীর্ঘক্ষণ প্রায় বিনা চিকিৎসায় হাসপাতালে ফেলে রখা হয়। টি কে ঘোষ নামে এক চিকিৎসকের অধীনে তাঁকে রাখা হয়েছিল। তাঁকেও সময়মত পাওয়া যায়নি। রোগীর অবস্থার যখন অবনতি হচ্ছিল তখন ডাক্তারবাবু হাসপাতালেই ছিলেন বলে অভিযোগ পরিবারের। তাঁকে ফোন করে রোগীর পরিবার ডাকতে গেলে তাঁর ফোন সুইচ অফ ছিল বলে পরিবারের দাবি। এমনকী পরিবারের পক্ষ থেকে যে ওষুধগুলো বাইরে থাকে থেকে নিয়ে আসা হয়েছিল এবং রোগীকে দেওয়ার কথা ছিল সেগুলি তাঁকে না দিয়ে হাতিয়ে নেওয়ার মতো গুরুতর অভিযোগ এনেছে রোগীর পরিবার। এই ঘটনার জেরে রোগীর পরিবারের সঙ্গে হাসপাতাল কর্তৃ পক্ষের তুমুল বচসা হয়। হাসপাতালের তিনজন কর্মীকে একটি ঘরে আটকে রাখে রোগীর পরিবার। পরে পরিস্থিতি সামাল দিতে আসে এয়ারপোর্ট থানার পুলিশ। খবর সংগ্রহ করতে গেলে পাপ্পু নামে এক হাসপাতালের কর্মী সংবাদমাধ্যমের ওপর চড়াও হয়। দিনভর হাসপাতল চত্বর উত্তপ্ত রইলেও দেখা মেলেনি স্বাস্থ্য দফতরের পুর পারিষদ মহুয়া শীলের।

বন্যা কবলিতদের সাহায্যার্থে অর্থ সংগ্রহ

নিজস্ব সংবাদদাতা, উত্তর ২৪ পরগনা: স্কুল ছুটির পর উত্তরবঙ্গের বন্যা কবলিত মানুষদের পাশে দাঁড়াতে বাড়ি বাড়ি গিয়ে অর্থ সংগ্রহ করলেন মাসুন্দা নববারাকপুর উচ্চ বালক বিদ্যালয়ের স্কাউট গ্রুপের ছাত্ররা। তাদের সঙ্গে শামিল হন স্কুলের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীরাও। নববারাকপুর ও সাজিরহাট সংলগ্ন অসংখ্য সাধারণ মানুষও ছাত্রদের আহ্বানে সাড়া দেন এদিন। স্কুল পড়ুয়াদের কাজে গর্বিত তাদের অভিভাবকেরাও। স্থানীয় বাসিন্দারা জানান, যেভাবে বন্যা কবিলত মানুষদের পাশে দাঁড়াতে মাসুন্দা নববারাকপুর উচ্চ বালক বিদ্যালয়ের ছাত্ররা এগিয়ে এল তা এক কথায় সকলের কাছেই শিক্ষণীয়। এই স্কুলের প্রধান শিক্ষক মিলন মজুমদার ও সহকারি শিক্ষক মনজুর আলমও গর্বিত স্কুল পড়ুয়াদের উৎসাহে। তাঁরা জানান, পড়ুয়ারা সমাজের ভবিষ্যৎ। এরাই আগামী দিনের সমাজকে পথ দেখাবেন। ছাত্ররা নিজে থেকেই তাদের দায়বদ্ধতার কথা মনে রাখায় তাঁরা খুশি। তাঁরা আরও জানান, স্কুলের মধ্যে তারাই প্রথম বলে তারা বন্যার্তদের পাশে দাঁড়াতে চায়। তাদের মুখি হাসি ফোঁটাতে চায়।

CHANGE OF NAME
I, PRAGRABEN RAJNIKANT MEHTA W/O LATE RAJNIKANT MEHTA & D/O LATE VADILAL GHUNILAL DAFTARY R/O 5, TOWNSHEND ROAD PO. BHAWANIPORE, P.S. BHAWANI PORE, KOLKATA-700025, SHALL HENCEFORTH BE KNOWN AS PRAGNA RAJNIKANT MEHTA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATA ON 30.08.2017

CHANGE OF NAME
I, PRADEEP KUMAR KOCHAR S/O LATE ROOP CHAND KOCHAR R/O, 32, MAHARSHI DEBENDRA ROAD, P.O.-BEADON STREET, P.S. JORABAGAN, KOLKATA 700006 THAT MY MINOR SON YASH KOCHAR SHALL HENCEFORTH BE KNOWN AS YASH RAJ KOCHAR VIDE AN AFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATA ON 30.08.2017

CHANGE OF NAME
I, POMPIYA DAS W/O MALAY KUMAR DAS & D/O LATE NIVRITH MUKHERJEE R/O 55 BRINDABAN MULLICK LANE, P.O. KADAMTALA P.S. BANTRA DIST- HOWRAH, W.B. -711101 SHALL HENCEFORTH BE KNOWN AS PAMPIYA DAS VIDE AN AFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATA ON 30.08.2017

নাম/পদবি পরিবর্তন
আমি লক্ষ্মী জয়সওয়াল, স্বামী- ঋষিকেশ জয়সওয়াল, বাসস্থান- ২৭/৫, প্রিন্স গোলাম মহঃ সাহ রোড, কলকাতা-৭০০০৯৫ ঘোষণা করা হচ্ছে যে সাই লক্ষ্মী জয়সওয়াল থেকে সমস্ত প্রমাণপত্র মোতাবেক লক্ষ্মী জয়সওয়াল বলে পরিচিত হলাম। ব্যাঙ্কশাল কোর্ট কলকাতার ২০.০৮.২০০৯ তারিখের এফিডেভিড বলে। এখন থেকে লক্ষ্মী জয়সওয়াল ও সাই লক্ষ্মী জয়সওয়াল একই ব্যক্তি বলে গণ্য হবে।

সংশোধনী
২৭ আগস্ট, ২০১৭ তারিখে কেআইসি মেটালিক্সের বিজ্ঞাপনে ৫ নম্বর ক্রমিক সংখ্যায় অর্থাঙ্ক ২৬৯.২৭ ও ১৭.৭৮-এর স্থলে ২৬৯.০৩ ও ১৭.৫৬ পড়তে হবে এবং ৭ নম্বর বিষয়ে শেয়ার প্রতি আয় (ফেস ভ্যালু প্রতিটির মূল্য ১০ টাকা) (চালু এবং কাজ চালু নাথাকার জন্য) ১. মূল ২. মিশ্র পড়তে হবে।

সংশোধনী
২৫.০৮.২০১৭ তারিখে ওরিয়েন্ট বেভারেজেস লিমিটেডের বিজ্ঞাপনে কোম্পানির ওয়েবসাইট www.obl.org.in হইবে। উক্ত বিজ্ঞাপনে গ) নম্বরে রিমোট ই-ভোটিং শেষ হবে রবিবার ১৭.০৯.২০১৭ তারিখ বিকাল ৫টায়। এই সময়ের পরে সিডিএসএল-এ রিমোট ই-ভোটিং বন্ধ করে দেওয়া হবে। এ ছাড়াও ছ) নম্বরে বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি এবং ২০১৬-১৭ সালের প্রতিবেদন পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.obc.org.in অথবা সিডিএসএল www.evotingindia.com. এ ও জ) নম্বরে রিমোট) ই-ভোটিং এর সম্পর্কে সদস্যদের কোনও জিজ্ঞাস্য থাকলে সদস্যরা সিডিএসএল এর ওয়েবসাইট www.evotingindia.com এ জানাতে পারেন। এছাড়াও সিডিএসএল এর ফোন নং ১৮০২২০০৫৫৩৩ নম্বরে ফোন করে অভিযোগ জানাতে পারেন। প্রকাশিত বিজ্ঞাপনে এই অনুচ্ছেদগুলি পড়তে হবে। অনিচ্ছাকৃত ত্রুটির জন্য আমরা দুঃখিত।